**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০ তম জন্ম বার্ষিকীতে আজ সারা দেশের সঙ্গে রাজ্যেও যথাযথ মর্যাদায় রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন করা হয়।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের নাগরিকরা ঐক্যবদ্ধ হয়ে বিকশিত ভারতের স্বপ্ন পূরণ করবেন|**

**(৩) পিএম-কুসুম প্রকল্প বাস্তবায়নে ত্রিপুরা উত্তর-পূর্ব ভারতের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে |**

**(৪) ত্রিপুরা ও বাংলার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আগামীকাল থেকে আগরতলার এমবিবি স্টেডিয়ামে শুরু হচ্ছে।**

*******************************************************

**Ekta Diwas-State:**

সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০ তম জন্ম বার্ষিকীতে আজ সারা দেশের সঙ্গে রাজ্যেও যথাযথ মর্যাদায় রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন করা হয়।ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রী টিংকু রায় সকালে আগরতলার বিবেকানন্দ ময়দানে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি দেশের একতা ও অখন্ডতা রক্ষার শপথ বাক্য পাঠ করান। পরে বিভিন্ন সশস্ত্র বাহিনী, আধাসামরিক বাহিনীর জওয়ান, বিভিন্ন ক্রীড়া সংস্থার প্রতিনিধিরা বিবেকানন্দ ময়দান থেকে রান ফর ইউনিটিতে অংশ নেন।

রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে রাজ্য পুলিশের মুল অনুষ্ঠান হয়েছে এডিনগরে মনোরঞ্জন দেববর্মা মেমোরিয়াল স্মৃতি স্টেডিয়ামে। প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন ক্রীড়া মন্ত্রী টিংকু রায়। অনুষ্ঠানে ভাষণে মন্ত্রী শ্রী রায় আত্মনির্ভর ভারত গঠনের শপথ নিতে আহ্বান জানান। অনুষ্ঠানের শুরুতে রাজ্য পুলিশ, টিএসআর, ট্রাফিক পুলিশ ও মহিলা পুলিশের মোট ১২ টি প্ল্যাটুন কুচকাওয়াজে অংশ নেন। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ মহানির্দেশক জিএস রাও, আইজিপি কেরি মারাক, ইপ্পার মনচাক প্রমুখ।

আকাশবাণী আগরতলা কেন্দ্রেও আজ সমবেতভাবে একতার শপথ বাক্য পাঠ করা হয়। আকাশবাণী আগরতলার সমস্ত বিভাগের কর্মীরা একতার শপথ নেন।

মুখ্যসচিব জে কে সিনহা সচিবালয়ে সমবেত আধিকারিক ও কর্মচারীদের রাষ্ট্রীয় একতার শপথ বাক্য পাঠ করান।

পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ের শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলাশাসক ডাঃ বিশাল কুমার সহ অন্যান্য অধিকারিকরা।

ঊনকোটি জেলাতেও আজ পালিত হয় রাষ্ট্রীয় একতা দিবস। কৈলাশহরে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অফিস প্রাঙ্গনে আয়োজিত এক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, ঊনকোটি জেলার জেলাশাসক ডক্টর তমাল মজুমদার প্রমুখ। এখান থেকে "একতার জন্য দৌড়" শুরু হয়ে কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। জনপ্রতিনিধি, ক্রীড়াবিদ, পুলিশ, স্কাউডস ও গাইডস এর প্রতিনিধি সহ সমাজের সর্বস্তরের নাগরিকরা এতে অংশ নেন।

তেলিয়ামুড়া শহর ও খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণ থেকে রান ফর ইউনিটি অনুষ্ঠিত হয়।

সিপাহীজলা জেলাভিত্তিক রান ফর ইউনিটি সিপাহীজলা চিড়িয়াখানার সামনে থেকে শুরু হয়৷ জেলা প্রশাসন আয়োজিত এই কর্মসূচিতে পুলিশ, বিএসএফ, টিএসআর, সিভিল ডিফেন্স, বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীরা অংশ নেন। উপস্থিত ছিলেন বিধায়ক অন্তরা সরকার দেব| সোনামুড়া মহকুমার যাত্রাপুর থানার উদ্যোগেও আয়োজিত হয় রান ফর ইউনিটি।

গোমতী জেলা প্রশাসন, উদয়পুর পুর পরিষদ, মেরা যুব ভারত এবং যুব কর্মসূচী ও ক্রীড়া দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত আজ উদয়পুর পুর পরিষদ অফিসের সামনে থেকে রান ফর ইউনিটি অনুষ্ঠিত হয় ।উপস্থিত ছিলেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমতি জেলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় সহ অন্যান্যরা|

বিলোনিয়ায় একতা দৌড় ও সরকারী অফিসগুলিতে শপথ গ্রহন অনুষ্ঠানে আয়োজন করা হয়।উপস্থিত ছিলেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ|

*****************************

**Run for Unity-BJP:**

বিজেপি গোমতী জেলা কমিটির উদ্যোগেও আজ উদয়পুরে রান ফর ইউনিটির আয়োজন করা হয়| উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায় ও জীতেন্দ্র মজুমদার ও অন্যান্যরা৷

*****************************

**PM -Ekta Diwas:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের নাগরিকরা ঐক্যবদ্ধ হয়ে বিকশিত ভারতের স্বপ্ন পূরণ করবেন| সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫0 তম জন্মবার্ষিকী উপলক্ষে আজ গুজরাটে কেভাডিয়ার একতা নগরে জাতীয় একতা দিবস

উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন| তিনি জাতীয় ঐক্যকে শক্তিশালী করার জন্য সম্মিলিত সংকল্প পুনর্ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতার পর সর্দার প্যাটেল ‘এক ভারত, শ্রেষ্ঠ ভারত’-এর দৃষ্টিভঙ্গি নিয়ে ৫৫0টিরও বেশি দেশীয় রাজ্যকে একত্রিত করে অসম্ভবকে সম্ভব করে তুলেছিলেন।তিনি সমস্ত ভারতীয় ভাষার প্রচার ও সংরক্ষণের প্রতি সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী পক্ষপাতমুক্ত উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনে সরকারের সাফল্যের কথাও তুলে ধরেন। তিনি বলেন, গত দশকে ২৫ কোটি মানুষ দারিদ্র্যতা থেকে মুক্ত হয়েছেন। প্রধানমন্ত্রী  সর্দার বল্লভভাই প্যাটেলের আদর্শ অনুসরণ করে একটি শক্তিশালী, উন্নত এবং ঐক্যবদ্ধ ভারত গড়তে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

##########PM Byte###########

প্রধানমন্ত্রী স্ট্যাচু অফ ইউনিটিতে পুষ্পস্তবক অর্পণ করে  সর্দার বল্লভভাই প্যাটেলকে শ্রদ্ধা জানান এবং একতার শপথ গ্রহণে নেতৃত্ব দেন।

******************************

**‘Kendriya Grihmantri Dakshata Padak’ :**

চলতি বছর অর্থাৎ ২০২৫ সালের জন্য বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল, কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী, কেন্দ্রীয় পুলিশ সংস্থার ১,৪৬৬ জন কর্মী  কেন্দ্রীয় গৃহমন্ত্রী দক্ষতা পদক'এর জন্য নির্বাচিত হয়েছেন।  আজ একতা দিবসে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের পক্ষ থেকে কেন্দ্রীয় গৃহমন্ত্রী দক্ষতা পদক প্রাপকদের নাম ঘোষণা করা হয়েছে।

এবছর ত্রিপুরা থেকে গৃহমন্ত্রী দক্ষতা পদক'এর জন্য নির্বাচিত হয়েছেন তদন্তের ক্ষেত্রে বিশেষ সাফল্যের জন্য পুলিশের ইন্সপেক্টর স্বপ্না ভৌমিক ও ফরেনসিক সায়েন্সে অসাধারণ কাজের জন্য ইন্দ্রজিৎ শীল শর্মা।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**PM-KUSUM:**

পিএম-কুসুম প্রকল্প বাস্তবায়নে ত্রিপুরা উত্তর-পূর্ব ভারতের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে| আজ গুয়াহাটিতে অনুষ্ঠিত উত্তর-পূর্বাঞ্চলের পুনর্নবীকরণ শক্তি বিষয়ক আঞ্চলিক কর্মশালায় রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ কেন্দ্রীয় পুনর্নবীকরণ শক্তি মন্ত্রী প্রহ্লাদ জোশীর হাত থেকে পুরস্কার গ্রহন করেন।

*****************************

**Ekta Diwas- Voice Over:**

আজ রাষ্ট্রীয় একতা দিবস। লৌহপুরুষ সর্দার বল্লভ ভাই প্যাটেলের একশো পঞ্চাশতম জন্মবার্ষিকী। স্বাধীন ভারতের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী তথা উপপ্রধানমন্ত্রী সর্দার প্যাটেলের দৃঢ়তার জন্যই প্রায় ৫৫০টি দেশীয় রাজ্যকে ভারতের সঙ্গে যুক্ত করা সম্ভব হয়েছিল। এজন্যই তিনি প্রকৃত অর্থেই একতার প্রতিমূর্তি| তাঁর

জন্মদিনে গোটা দেশে আয়োজিত হলো একতার জন্য দৌড়। নেওয়া হলো একতার শপথ। একটি প্রতিবেদন।

##########v/o##########

******************************

**State level Kala Utsav – closing:**

বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত তিনদিনব্যাপী রাজ্য ভিত্তিক কলা উৎসব আজ আগরতলায় শেষ হয়েছে| রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত সমাপ্তি অনুষ্ঠানে উচ্চ শিক্ষা মন্ত্রী কিশোর বর্মন বলেছেন কলা উৎসব হল শিক্ষার্থীদের সু-সচেতন ব্যক্তিত্বে পরিণত করার একটি মাধ্যম। এটি শিশুদের উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলতে সাহায্য করে"।

******************************

**L. Murugan Leads Swachhta Pledge:**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী এল মুরুগান নয়াদিল্লির আকাশবাণী ভবনে স্বচ্ছতার শপথ গ্রহণে নেতৃত্ব দেন। আকাশবাণী ভবনের বাপু স্টুডিওতে তাঁর সফরকালে তিনি 'স্বচ্ছতা হি সেবা'-র অংশ হিসেবে পঞ্চম পর্যায়ের বিশেষ প্রচার কর্মসূচির আওতায় তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবং এর অধীন সংস্থাগুলির বিভিন্ন প্রয়াসের বিস্তারিত বর্ণনা দেন। তিনি বলেন, এই অভিযানের ফলে কর্মক্ষেত্র পরিচ্ছন্নকরণ, বর্জ্য চিহ্নিতকরণ ও নিষ্কাশন এবং ডিজিটাইজেশনের মাধ্যমে পরিচ্ছন্ন রেকর্ডের ব্যবস্থাপনা সম্ভব হয়েছে|

******************************

**Tripex 2025 Valedictory Session:**

ডাক বিভাগ আয়োজিত তিনদিনব্যাপী ডাক টিকিট প্রদর্শনী- ট্রাইপেক্স ২০২৫ আজ আগরতলার নজরুল কলা ক্ষেত্রে শেষ হয়েছে| সমাপ্তি অনুষ্ঠানে ডাক বিভাগের জুরি বোর্ডের সদস্য বিনোদ জৈন বলেন, স্বাধীনতার পর থেকে ভারতে তিন হাজারের বেশি ডাক টিকিট প্রকাশিত হয়েছে। উত্তর পূর্বাঞ্চলকে নিয়ে এ পর্যন্ত ৬0 টি ডাক টিকিট প্রকাশিত হয়েছে। পূর্নরাজ্য প্রাপ্তির ৫0 বছর পূর্তি উপলক্ষ্যে ২০২২ সালে ত্রিপুরাকে নিয়ে ডাক টিকিট প্রকাশিত হয়।

******************************

**Ranji Trophy:**

ত্রিপুরা ও বাংলার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আগামীকাল থেকে শুরু হচ্ছে। এম বি বি স্টেডিয়ামে এই ম্যাচটি হবে। আজ দুটি দল অনুশীলন করে। ভারতীয় দলের ক্রিকেটার মহম্মদ সামি বাংলার হয়ে খেলবেন।

******************************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি সেলসিয়াস|

******************************

******************************